



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
www.bb.org.bd

মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি সার্কুলার নং-০৩

তারিখ: এপ্রিল ০৯, ২০২০  
চৈত্র ২৬, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি

## নগদ জমা হার (CRR) পরিবর্তন প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

বিগত মার্চ ২৩, ২০২০ তারিখের এমপিডি সার্কুলার নং ০১ অনুসারে বর্তমানে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক (ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসহ)-কে তাদের মোট তলবি ও মেয়াদি দায় এর ন্যূনতম ৫.০ (পাঁচ দশমিক শূন্য) শতাংশ দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে এবং ন্যূনতম ৪.৫ (চার দশমিক পাঁচ) শতাংশ দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদে জমা রাখতে হয়।

নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ায় বাংলাদেশের অর্থনীতির উপর এর বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সম্প্রতি ঘোষিত বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজসমূহের বাস্তবায়নে মুদ্রাবাজারে প্রয়োজনীয় তারল্য সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আগামী এপ্রিল ১৫, ২০২০ তারিখ হতে উল্লিখিত নগদ জমা হার (CRR) দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ন্যূনতম ৪.০ (চার দশমিক শূন্য) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশ হবে।

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের অর্ডার নং ১২৭) এর ৩৬(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারী করা হলো। এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এপ্রিল ০৯, ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এমপিডি-১১৬/২০২০-৩৮৮ সকলের অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

M. Julhasuddin

(মোঃ জুলহাস উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৫৯



## বাংলাদেশ ব্যাংক

এমপিডি-১১৬/২০২০-৩৮৮

তারিখ: এপ্রিল ০৯, ২০২০  
চৈত্র ২৬, ১৪২৬

### প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের অর্ডার নং ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক (ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসহ) কর্তৃক তাহাদের মোট তলবি ও মেয়াদি দায় এর যে পরিমাণ বাংলাদেশ ব্যাংকে নগদে জমা রাখিবার বিধান রহিয়াছে তাহা উক্ত অর্ডারে প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যমান দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ন্যূনতম ৫.০ (পাঁচ দশমিক শূণ্য) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৪.৫ (চার দশমিক পাঁচ) শতাংশ হইতে হ্রাস করিয়া দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ন্যূনতম ৪.০ (চার দশমিক শূণ্য) শতাংশে এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ আগামী এপ্রিল ১৫, ২০২০ তারিখ হইতে কার্যকর হইবে।

(এস, এম, মনিরুজ্জামান)  
ডেপুটি গভর্নর